



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



নং-০৫.৮৮.০০০০.০০৬.০৩.০০৮.২৩-৪৭৬

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

বিষয়: বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ০২ (দুই) মাস মেয়াদি (১৬ এপ্রিল - ১৪ জুন ২০২৪) ১২১ ও ১২২তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে যোগদান প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মাধ্যমে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে অনুষ্ঠেয় ০২ (দুই) মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য মনোনীত করায় একাডেমি আপনাকে স্বাগত জানাচ্ছে।

বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি আগামী ১৬ এপ্রিল - ১৪ জুন ২০২৪ তারিখ পর্যন্ত চলবে। আগামী ১৫ এপ্রিল ২০২৪ রোজ সোমবার বিকাল ০৩:০০ থেকে ০৫:০০ ঘটিকার মধ্যে আলোচ্য কোর্সে নাম রেজিস্ট্রেশন করে কক্ষ বরাদ্দ গ্রহণ করতে হবে। পুনশ্চঃ নির্ধারিত তারিখ ও সময়ে আবশ্যিকভাবে একাডেমিতে রিপোর্ট করতে হবে। ১৫ এপ্রিল ২০২৪ তারিখ সন্ধ্যা ৬:৩০ মিনিটে কোর্স ব্রিফিং এবং ওয়েলকাম ডিনারে অংশ নেয়া সকল অংশগ্রহণকারীর জন্য বাধ্যতামূলক। প্রশিক্ষণকালীন সকাল থেকে রাত পর্যন্ত কোর্সের বিভিন্ন কর্মসূচিতে যেমন- সংযুক্তি কার্যক্রম, স্টাডি ট্যুরসহ একাডেমিতে অনুষ্ঠেয় সকল কার্যক্রমে অংশগ্রহণ বাধ্যতামূলক। একাডেমিতে থাকা খাওয়া, খেলাধুলা ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে যে সকল কার্যক্রম নেয়া হবে তার একটি সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেয়া হলোঃ

২.০ অংশগ্রহণকারীর সংখ্যা

বর্তমান পাঠক্রমে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত ৪০ (চল্লিশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন।

৩.০ আবাসিক ব্যবস্থা

একাডেমির নিজস্ব একটি সাততলা ডরমিটরী আছে। রেজিস্ট্রেশনের পর থেকে কোর্স চলাকালীন ডরমিটরীতে প্রশিক্ষণার্থীদের অবস্থান বাধ্যতামূলক। তবে বৃহস্পতিবারে সন্ধ্যায় কর্তৃপক্ষকে অবহিত করে ডরমিটরী ত্যাগ করা যাবে এবং আবশ্যিকভাবে শনিবারে রাত ১০:০০ টার মধ্যে ফিরে আসতে হবে। কোন অবস্থাতেই রবিবার সকালে আসা যাবে না। ডরমিটরীতে অবস্থানকালীন ডরমিটরী নির্ধারিত নিয়ম মেনে চলতে হবে। ডরমিটরী থেকে মশারী, তোশক, লেপ/কম্বল এবং বালিশ সরবরাহ করা হবে। তবে নিম্নলিখিত দ্রব্যসামগ্রী সাথে আনতে পারেন:

ক) সিংগেল বিছানার চাদর (২ টি)

খ) একজোড়া বালিশের কভার

গ) তোয়ালে

ঘ) তালাসহ ছোট স্যুটকেস বা ব্রিফকেস যাতে টাকা পয়সা বা অন্যান্য মূল্যবান সামগ্রী নিজ দায়িত্বে রাখা যায়।

৩.১ আহার ব্যবস্থাপনা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ মোতাবেক প্রাপ্ত দৈনিক ভাতার ভিত্তিতে প্রশিক্ষণার্থীদের খাবারের ব্যবস্থা প্রশিক্ষণার্থীদের দ্বারা পরিচালিত মেস থেকে করা হবে। খাবার নির্ধারিত সময়ে পরিবেশন করা হবে এবং নির্ধারিত সময়েই তা সম্পন্ন করতে হবে। মেসের যাবতীয় কাজ পরিচালনার দায়িত্ব প্রশিক্ষণার্থীদের দ্বারা গঠিত মেস কমিটির উপর ন্যস্ত থাকবে।

৩.২ বেতন-ভাতা বিল প্রশিক্ষণের উদ্দেশ্যে কর্মস্থল ত্যাগের পূর্বে কর্মস্থলে ০২ (দুই) মাসের অগ্রিম বেতন বিল স্বাক্ষর করে অফিসে জমা দিয়ে আসা সমীচীন হবে যেন একাডেমিতে বসেই ডাকযোগে বা বিশেষ বাহকের মারফত বেতনের চেক সংগ্রহ করতে কোন সমস্যা না হয়। প্রশিক্ষণ চলাকালে কোন ছুটি মঞ্জুর করা হবে না।

৩.৩ পোশাক ভাতা

সরকার প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে পোশাক ভাতা প্রদান করবে। প্রশিক্ষণার্থীদের বিভিন্ন অনুষ্ঠানে যোগ দিতে হবে। একাডেমির নিয়ম অনুযায়ী পুরুষ কর্তৃকর্তাদের প্রশিক্ষণ ক্লাশে বাধ্যতামূলকভাবে টাই পরতে হবে। এ জন্য পুরুষ কর্মকর্তাগণকে স্যুট এবং টাই সংগে আনতে হবে। মহিলা প্রশিক্ষণার্থীদের বুচিসম্মত সালোয়ার, কামিজ, ওড়না অথবা শাড়ি আনতে হবে।

৩.৪ ছুটি সংক্রান্ত

একাডেমিতে প্রশিক্ষণকালীন কোন ছুটি প্রদান করা হবে না। পাঠক্রম চলাকালে কোন জরুরী কাজের সম্ভাবনা থাকলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের কাছে পরবর্তী কোর্সে পাঠাবার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা আবেদন করতে পারেন। বুনিয়াদি প্রশিক্ষণ চলাকালে কোন কাজের জন্য ছুটির আবেদন করা যাবে না। এখানে ছুটি প্রদানের কোন নিয়ম নেই।

৩.৫ শরীর চর্চা ও খেলাধুলা

প্রত্যুষে এবং বিকালে শরীর চর্চা ও খেলাধুলায় অংশগ্রহণ বাধ্যতামূলক। এর জন্য নিম্নলিখিত পোশাকাদি সংগে আনতে হবেঃ

(ক) পুরুষদের জন্য সাদা হাফপ্যান্ট অথবা ট্রাউজার, সাদা হাফ হাতা গেঞ্জি ও সাদা পিটি সু।

(খ) মহিলাদের জন্য সাদা সালোয়ার-কামিজ, সাদা ওড়না, সাদা পিটি সু ও কাপড়ের সাদা চওড়া কোমরের বেলেট।

৪.০ নিম্নে বর্ণিত বিষয়ের প্রতিও প্রশিক্ষণার্থীদের মনোযোগ বিশেষভাবে আকর্ষণ করা হচ্ছেঃ

(ক) ১৫ এপ্রিল ২০২৪ তারিখ সোমবার বিকাল ০৩:০০ টা থেকে ০৫:০০ টার মধ্যে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত্র, ঢাকায় রিপোর্ট করতে হবে। পুনশ্চঃ উপরে উল্লেখিত সময়ে আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে।

(খ) জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে পৌঁছে রেজিস্ট্রেশন সম্পন্ন করে সরাসরি ডরমিটরিতে কক্ষ বরাদ্দ নিতে হবে এবং ঐ দিন থেকেই একাডেমির ডরমিটরিতে অবস্থান করা বাধ্যতামূলক।

(গ) ১৫ এপ্রিল ২০২৪ তারিখ সন্ধ্যা ৬:৩০ ঘটিকায় পরিচিতি সভা অনুষ্ঠিত হবে। পরিচিতি সভা শেষে ওয়েলকাম ডিনারের আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানসমূহে অনুপস্থিত থাকলে প্রশিক্ষণে অংশগ্রহণ করা যাবে না।

(ঘ) নিবন্ধিকরণের সময় ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি (ছবির উল্টো পিঠে নিজের নাম লিখতে হবে) জমা দিতে হবে।

(ঙ) স্যুট, টাই এবং অন্যান্য নিত্য ব্যবহার্য জিনিসপত্র সংগে আনতে হবে।

প্রশিক্ষণকালীন একাডেমির সার্বিক ব্যবস্থাপনায় পাঠক্রমের প্রতিটি অধিবেশনে ও অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণ ফলপ্রসূ ও উপভোগ্য হবে এবং সহকর্মীদের সান্নিধ্যে সানন্দে সময় কাটবে বলে একাডেমি আশা করছে।

 ১৪/৪/২০২৪

মোঃ হাসান তারিক

পরিচালক (প্রশিক্ষণ)

ও কোর্স পরিচালক

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের

১২২তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

ফোন: ০২-২২৩৩৬০৩৫৭

ইমেইল: dir.training@napd.gov.bd